

সংবাদ

শরীরচর্চা শিক্ষকের পদ প্রভাষক পদে উন্নীত করার দাবি

নিজের বার্তা পরিবেশক

শরীরচর্চা শিক্ষকের পদ প্রভাষক (শারীরিক শিা) পদে উন্নীত করার দাবিতে গতকাল সংবাদ সম্মেলন করে বাংলাদেশ কলেজ শারীরিক শিাবিদ সমিতি। পাশাপাশি তারা উচ্চমাধ্যমিক ও স্নাতকে শারীরিক শিা বিষয়টি সংযুক্ত করার দাবিও জানায়। জাতীয় প্রেসকাবে আয়োজিত সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়। সংগঠনের চেয়ারম্যান মনির হোসেনের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন, বাংলাদেশ কলেজ শারীরিক শিাবিদ সমিতির মহাসচিব শরীফ মোহাম্মদ আরিফ মিহির, সিনিয়র ভাইস চেয়ারম্যান মিজানুর রহমান মজনু, ভাইস চেয়ারম্যান মো. ফয়েজ আহমদ, ভাইস চেয়ারম্যান রেহানা বেগম, ভাইস চেয়ারম্যান এম কে আজম, ভাইস চেয়ারম্যান মো. আলমগীর হোসেন প্রমুখ।

মনির হোসেন বলেন, দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি হলে একজন শিক প্রভাষক হতে পারেন। কিন্তু এখানে আমাদের শরীরচর্চা শিকরা এ পদ থেকে বঞ্চিত। প্রভাষক ও শরীরচর্চা শিকদের প্রায় একই যোগ্যতা থাকলেও বিষয়ভিত্তিক শিকরা হবেন প্রভাষক আর আমরা হবো শারীরিক শিক। এটা মেনে নিতে পারছি না। তিনি বলেন, আমরা চাই সম্মান। সুতরাং এ দাবি যৌক্তিক। সরকারি কোষাগার থেকে শরীরচর্চা শিকরা ও প্রভাষকদের একই স্কেলে বেতন পেলেও সম্মান একই দেয়া হ'ছে না। শরীফ মোহাম্মদ আরিফ মিহির হতাশা প্রকাশ করে বলেন, চাকরির শুরুতে আমরা যে পদে যোগদান করি সেই পদে থেকেই আমাদের অবসরে যেতে হয়। এটা চাকরি জীবনে কতটা হতাশাজনক ও কষ্টের তা বলে বোঝানো যাবে না। শারীরিক শিকরা গ্রেড প্রকাশ করে বলেন, জেএসসি ও এসএসসির মতো পাবলিক পরীায় শারীরিক শিা ও স্বাস্থ্যবিজ্ঞান বিষয়টি বাধ্যতামূলক ছিল। তবে শিা মন্ত্রণালয় থেকে ২০১৬ সালে এক পরিপত্র জারি করে বলা হয়, এ বিষয়টি পাঠসূচির অন্তর্ভুক্ত থাকলেও পাবলিক পরীায় অন্তর্ভুক্ত হবে না এবং কোন নম্বরও যোগ্য হবে না।